101084

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
**website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১৫/৮৬ তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯ / ০৭ আগষ্ট ২০২২

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে
সূত্র : বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ঢাকা এর পত্র নং বামাশিবো/প্রশা/৬৬/বরিশাল-১৫ তারিখ: ৩০.০৫.২০২২ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন ধামুরা মাহমুদিয়া দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা জনাব আজহার আলী খন্দকারসহ মাদ্রাসার অন্যান্য দাতা ও প্রতিষ্ঠাতাদের নাম বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৫১ অনুযায়ী আলাদা বোর্ডে মাদ্রাসা প্রধানের কক্ষে প্রদর্শনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে মাদ্রাসার সুপার এবং ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক কোনরূপ ব্যবস্থাগ্রহণ না করে মাদ্রাসার সুপার কর্তৃক জবাব দাখিল করা হয়েছে; যা সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় সূত্রোক্ত স্মারক পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৩৬ লংঘন জনিত কারণে ৩৮(১) অনুযায়ী প্রবিধান ৮(১-৩) এর আলোকে মনোনীত সভাপতির পদ কেন বাতিল করা হবেনা এবং প্রবিধান ৪৬(৬) অনুযায়ী মাদ্রাসার সুপারের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার জবাব ১০ (দশ) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০১) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৭.০৮.২০২২
মো: সিদ্দিকুর রহমান
রেজিষ্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd
০৭.০৮.২২

১। সভাপতি, ম্যানেজিং কমিটি,
ধামুরা মাহমুদিয়া দাখিল মাদ্রাসা,
উজিরপুর, বরিশাল;
২। সুপার/ভারপ্রাপ্ত সুপার,
ধামুরা মাহমুদিয়া দাখিল মাদ্রাসা,
উজিরপুর, বরিশাল।

নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১৫/৮৬ তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯ / ০৭ আগষ্ট ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বরিশাল;
২. উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল;
৩. জেলা শিক্ষা অফিসার, বরিশাল;
৪. জনাব আবদুল লতিফ খন্দকার(আবেদনকারী), অবসরপ্রাপ্ত শিক্ষক, মাদারীপুর সরকারি কলেজ, ২নং শকুনী রোড, মাদারীপুর;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

০৭/০৮/২২
মো: ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd
০৭.০৮.২২

F:\Admin - Committee\Belayet\Show cause.docx

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশা/ ৬৬ /বরিশাল-১৫ তারিখ: ১৬জ্যৈষ্ঠ ১৪২৯ / ৩০মে ২০২২

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন ধামুরা মাহমুদিয়া দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা জনাব আজহার আলী খন্দকারসহ মাদ্রাসার অন্যান্য দাতা ও প্রতিষ্ঠাতাদের নাম অনার বোর্ডে স্পষ্ট ও দৃশ্যমান ভাবে মাদ্রাসা প্রধানের কক্ষে প্রদর্শনের প্রয়োজনীয় নির্দেশনার জন্য প্রতিষ্ঠাতা জনাব আজহার আলী খন্দকার এর ছেলে অবসরপ্রাপ্ত শিক্ষক জনাব আবদুল লতিফ খন্দকার কর্তৃক আবেদন দাখিল করা হয়েছে। আবেদনে উল্লেখ করা হয় উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বরিশাল বিভাগী কমিশনারের কার্যালয়ে আবেদন করা হয়। আবেদনের প্রেক্ষিতে বিভাগীয় কমিশানার, বরিশাল কর্তৃক তদন্ত পূর্বক উক্ত মাদ্রাসার প্রতিষ্ঠাতা জনাব আজহার আলী খন্দকারসহ বিধি মোতাবেক অন্যান্য দাতা ও প্রতিষ্ঠাতাদের নাম সংযুক্ত করে স্পষ্ট ও দৃশ্যমানভাবে লিপিবদ্ধ করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের কক্ষে প্রদর্শনের নির্দেশ দেয়া হলেও মাদ্রাসার সুপার কর্তৃক তা প্রতিপালন করা হয়নি।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ২(ছ)(জ) অনুযায়ী জনাব আজহার আলী খন্দকারসহ অন্যান্য প্রতিষ্ঠাতা ও দাতাদের নাম উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫১ অনুযায়ী আলাদা বোর্ডে প্রদর্শন করার প্রমাণক ১০ (দশ) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো; অন্যথায় প্রবিধান ৪৬(৬) অনুযায়ী মাদ্রাসা প্রধানের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ এবং প্রবিধান ৩৬ লংঘন জনিত কারণে ৩৮(১) অনুযায়ী প্রবিধান ৮(১-৩) এর আলোকে মনোনীত সভাপতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩০.০৫.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার,
ধামুরা মাহমুদিয়া দাখিল মাদ্রাসা
পো: ধামুরা, উজিরপুর, বরিশাল।

৩০.০৫.২২

নং-বামাশিবো/প্রশা/ ৬৬ /বরিশাল-১৫ তারিখ: ১৬জ্যৈষ্ঠ ১৪২৯ / ৩০মে ২০২২

<u>সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. বিভাগীয় কমিশনার, বরিশাল;
২. জেলা প্রশাসক, বরিশাল;
৩. উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল;
৪. জেলা শিক্ষা অফিসার, বরিশাল;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল;
৬. সভাপতি, ম্যানেজিং কমিটি, ধামুরা মাহমুদিয়া দাখিল মাদ্রাসা, উজিরপুর, বরিশাল(পত্রের মর্মানুযায়ী নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করে প্রমাণক প্রেরণের অনুরোধসহ);
৭. জনাব আবদুল লতিফ খন্দকার(আবেদনকারী), অবসরপ্রাপ্ত শিক্ষক, মাদারীপুর সরকারি কলেজ, ২নং শকুনী রোড, মাদারীপুর;
৮. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০. অফিস কপি।

৩০/৫/২২

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

৩০.০৫.২২

F:\Admin - Committee\Belayet\Show cause.docx